

সূত্র নং- ২৪.০৩.০০০০.১০১.২৬.১০৬.১৭.৫৫ তারিখঃ ০৭/০২/২০১৭খ্রিঃ



**চিত্তরঞ্জন কটন মিলে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লি স্থাপনের লক্ষ্যে
শিল্প প্লট বিক্রয়ের পূর্ণঃ দরপত্র বিজ্ঞপ্তি।**


বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি) এর নিয়ন্ত্রণাধীন চিত্তরঞ্জন কটন মিলে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লি স্থাপনের নিমিত্ত বিভিন্ন সাইজের ৭টি প্লট 'যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে' বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র সিডিউল প্রতি সেট ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরৎযোগ্য) মূল্যে (১) সহকারী-সচিব,বেসরকারীকরণ/বিরাস্ত্রীয়করণ শাখা,বস্ত্র ও পাট মন্ত্রণালয়,কক্ষ নং-১১১৭,ভবন নং-৬(১২ তলা),বাংলাদেশ সচিবালয়,ঢাকা (২) প্রধান হিসাব রক্ষক, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন,বিটিএমসি ভবন (৩য় তলা),৭-৯,কাওরান বাজার,ঢাকা (৩) বিটিএমসি লিয়াজৌ অফিস,আমিন টেক্সটাইলস লিঃ,ষোলশহর,চট্টগ্রাম (৪) জেলা প্রশাসক,নারায়ণগঞ্জ এর দপ্তর এবং (৫) চিত্তরঞ্জন কটন মিলস,গোদনাইল, নারায়ণগঞ্জ হতে প্রতি দিন অফিস চলাকালীন সময়ে ০৭.০৩.২০১৭ তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে।

দরপত্র (১) সহকারী-সচিব,বেসরকারীকরণ/বিরাস্ত্রীয়করণ শাখা,বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কক্ষ নং-১১১৭,ভবন নং-৬(১২ তলা),বাংলাদেশ সচিবালয়,ঢাকা (২) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ (৩) প্রধান প্রকৌশলী(অতিঃ দায়িত্ব),বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন,বিটিএমসি ভবন (৩য় তলা),৭-৯,কাওরান বাজার,ঢাকা (৪) চিত্তরঞ্জন কটন মিলস,গোদনাইল, নারায়ণগঞ্জে রক্ষিত টেন্ডার বাক্সে ০৮.০৩.২০১৭ তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে। একই দিন বেলা ১২-৩০ ঘটিকায় উল্লিখিত সকল স্থানেই উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে এবং ০৯.০৩.২০১৭ তারিখ বেলা ১২-০০ ঘটিকায় বিটিএমসি ভবন,২য় তলা,বোর্ড কক্ষে উপস্থিত দরদাতাদের সামনে(যদি কেহ উপস্থিত থাকেন) সীলমোহরকৃত দরপত্র খাম খোলা হবে।

দরপত্রের সঙ্গে জামানত হিসাবে উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) অর্থ বিটিএমসি'র অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীগণ অথবা তাদের বৈধ প্রতিনিধিগণ দরপত্র দাখিল করতে পারবেন। দরপত্রের বিস্তারিত শর্তাবলী ও তফসিল দরপত্রের সিডিউলের সঙ্গে পাওয়া যাবে। যথাযথ জামানত ছাড়া দরপত্র প্রস্তাব দাখিল করলে তা বাতিল বলে গন্য হবে।

বিটিএমসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা যে কোন বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


(প্রকৌঃ রঞ্জন সরকার)
প্রধান প্রকৌশলী (অতিঃ দায়িত্ব)
বিটিএমসি,ঢাকা।